# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৮৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে সুতরাহ্ (সুতরা)

## আরবী

وَعَنِ الْفَضْلِ بْنِ عَبَّاسٍ قَالَ: أَتَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَنَحْنُ فِي بَادِيَةٍ لَنَا وَمَعَهُ عَبَّاسٌ فَصَلَّى فِي صَحْرَاءَ لَيْسَ بَيْنَ يَدَيْهِ سُتْرَةٌ وَحِمَارَةٌ لَنَا وَكَلْبَةٌ تعبثان بين يَدَيْهِ فَمَا بالى ذَلِك. رَوَاهُ أَبُو دَاوُد وللنسائي نَحوه

## বাংলা

৭৮৪-[১৩] ফাযল ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে তাশরীফ আনলেন। আর আমরা তখন বনে অবস্থান করছিলাম। তাঁর সাথে ছিলেন আমার পিতা ’আব্বাস (রাঃ)নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন ময়দানে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন, সামনে কোন আড়াল ছিল না। সে সময় আমাদের একটা গাধী ও একটি কুকুর তাঁর সামনে খেলাধূলা করছিল। কিন্তু তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এদিকে কোন দৃষ্টিই দিলেন না। (আবূ দাঊদ; নাসায়ীও অনুরূপ বর্ণনা করেছেন)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৭১৮। কারণ এর সানাদে অপরিচিত রাবী ও বিচ্ছিন্নতা রয়েছে। আর এ ঘটনায় সহীহ হাদীস হলো পূর্ববর্তী ইবনু ‘আব্বাস-এর হাদীসটি।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস প্রমাণ করছে যে, সামনে সুতরাহ্ (সুতরা) স্থাপন করা ওয়াজিব নয়। বরং সুতরাহ্ (সুতরা) স্থাপন করা মুস্তাহাব। সুতরাহ্ (সুতরা) স্থাপন করার ব্যাপারে তিন প্রকার বক্তব্য রয়েছে-

[১] সুতরাহ্ (সুতরা) স্থাপন করা ওয়াজিব।

[২] ইমাম শাফি‘ঈ ও ইমাম আবূ হানীফাহ্ (রহঃ) বলেন, সুতরাহ্ (সুতরা) স্থাপন করা মুস্তাহাব।

[৩] ইমাম মালিক (রহঃ) বলেন, সুতরাহ্ (সুতরা) স্থাপন করা না করা কোনটাই ওয়াজিব নয়। পরিত্যাগ করলে কোন অপরাধ হবে না।

এ ব্যাপারে দু’ ধরনের বক্তব্য এসেছে যেখানে লোকজন চলাচল থেকে নিরাপদ সেখানে সুতরাহ্ (সুতরা) স্থাপন করার কোন নিয়ম নেই। আর যদি লোকজন চলাচলের সম্ভাবনা থাকে সেখানে আমাদের ‘উলামাগণ সুতরাহ্ (সুতরা) রাখার গুরুত্ব দিয়েছে।

গাধা ও কুকুরের খেলা এবং সামনে দিয়ে যাতায়াত করার মধ্যে পার্থক্য রয়েছে। স্থানটি ছিল জঙ্গল। ফলে সে স্থান দিয়ে মানুষ বা অন্য কিছুর আসা-যাওয়ার সম্ভাবনা ছিল না বিধায় নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরূপ করে থাকতে পারেন। তাছাড়া এ কাজ তাঁর জন্য খাস হতে পারে। আল্লাহই ভালো জানেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55343

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন